



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



## প্রেস-রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির প্রথম বিষয় বন্টন তালিকা প্রকাশিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৬ ডিসেম্বর ২০২১

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির প্রথম বিষয় বন্টন তালিকা প্রকাশিত হয়েছে। এ উপলক্ষে ০৬ ডিসেম্বর ২০২১ তারিখ দুপুর ১২ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়ের কক্ষে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় বরিশাল বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, ভর্তি সংশ্লিষ্ট টেকনিক্যাল কমিটির আহবায়ক নেটওয়ার্কিং এন্ড আইটি দপ্তরের পরিচালক রাহাত হোসাইন ফয়সাল, সদস্য-সচিব সিএসই বিভাগের চেয়ারম্যান ড. মঞ্জুর আহমেদ, সদস্য সিএসই বিভাগের সহকারী অধ্যাপক মোঃ ইরফান, সদস্য সিএসই বিভাগের সহকারী অধ্যাপক মোঃ সামসুদ্দোহা, সদস্য সিএসই বিভাগের প্রভাষক মোঃ রাশিদ আল আসিফসহ বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকরা উপস্থিত ছিলেন। ২০২০-২১ শিক্ষাবর্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য মোট আবেদন করেছিলেন ৩৫,৭৯২ জন শিক্ষার্থী। এর মধ্যে 'ক' ইউনিটে ২০,৫৬৮ জন, 'খ' ইউনিটে ৯,৩২২ জন এবং 'গ' ইউনিটে ৫,৯০২ জন শিক্ষার্থী আবেদন করেছিলেন। 'ক' ইউনিটে প্রথম স্থান অধিকার করেন ঢাকা শিক্ষা বোর্ডের শিক্ষার্থী ইভাসুম মাহমুদ আদিব। 'খ' ইউনিটে প্রথম স্থান অধিকার করেন রাজশাহী শিক্ষা বোর্ডের শিক্ষার্থী মোঃ সজিব ইসলাম এবং 'গ' ইউনিটে প্রথম স্থান অধিকার করেন বরিশাল শিক্ষা বোর্ডের শিক্ষার্থী ফারহানা খানম। প্রতি আসনের বিপরীতে আবেদনকারী শিক্ষার্থী ২৫ জন। ২০২০-২১ শিক্ষাবর্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে প্রকাশিত প্রথম তালিকা থেকে ভর্তি চলবে আগামী ০৮ ডিসেম্বর হতে ১৫ ডিসেম্বর ২০২১ পর্যন্ত। ক্লাশ শুরু হবে আগামী ২৩ জানুয়ারি ২০২২ তারিখ থেকে। ভর্তি সংশ্লিষ্ট যাবতীয় তথ্য বরিশাল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.bu.ac.bd](http://www.bu.ac.bd) এবং <http://admission.bu.ac.bd> তে পাওয়া যাবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস